



দিলীপ কুমার সাহা  
মহাপরিচালক

### মহাপরিচালকের জীবনালেখ্য

জনাব দিলীপ কুমার সাহা সরকারের একজন অতিরিক্ত সচিব। তিনি ১ আগস্ট ২০১৯ তারিখ বঙ্গ অধিদপ্তরের মহাপরিচালক পদে যোগদান করেন। তিনি ১৯৬২ সালে নারায়ণগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তিনি নারায়ণগঞ্জ হাই স্কুল ও তোলারাম কলেজ হতে যথাক্রমে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক এবং ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ব্যবস্থাপনা বিষয়ে স্নাতক(সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। জনাব দিলীপ কুমার সাহা বিসিএস ১৯৮৫ ব্যাচের প্রশাসন ক্যাডারের কর্মকর্তা হিসেবে নোয়াখালী কালেক্টরেটে ১৯৮৮ সালে যোগদান করেন। তিনি দীর্ঘ ২০ বছর নোয়াখালী, কুমিল্লা, লক্ষ্মীপুর এবং কিশোরগঞ্জ জেলায় প্রশাসনের বিভিন্ন পদে চাকরি করেন। মাঠ প্রশাসনে চাকরিকালে তিনি "স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ ব্যবস্থাপনা", "স্থানীয় সরকার পৌরসভা আইন ও বিধি" এবং "সিটিকর্পোরেশন ও পৌরসভার কর" সংক্রান্ত আইন ও বিধি পুস্তক তিনটি রচনা করেন। তিনি শিল্প মন্ত্রণালয় এবং বঙ্গ ও পাট মন্ত্রণালয়ে প্রায় ১০ বছর চাকরি করে ১২ মার্চ ২০১৮ তারিখ আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক পদে যোগদান করেন। তিনি ভিয়েতনাম, সিঙ্গাপুর, জাপান, চীন, থাইল্যান্ড, মালয়েশিয়া, ভারত, যুক্তরাষ্ট্র প্রভৃতি দেশে প্রশিক্ষণ গ্রহণ ও সফর করেন। সরকারি দায়িত্ব পালনের মাধ্যমে জনগনের সেবা করাই তাঁর লক্ষ্য।